

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ("ক" ইউনিট) ভর্তির নিয়মাবলী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মাবলী গত বছর বিভিন্ন পত্রিকায় প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি থেকে সংকলন করা হয়েছে। উপরোক্ত নিয়মকানুনসমূহ বিশ্ববিদ্যালয়টি তাদের প্রয়োজন অনুসারে পরিবর্তন করতে পারে। তবে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে শিক্ষাবর্ষসমূহ এ বছরের সাথে সমন্বয় করে সংকলন করা হয়েছে। এছাড়াও অন্যান্য যে কোন সরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তির নিয়মকানুনসমূহ জানার জন্য omeca Office -এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

■ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা (শিক্ষাবর্ষ ২০১২-১৩) :

২০০৭ সন থেকে তৎপরবর্তী সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০১১ বা ২০১২ সনে বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বা সমমানের গ্রেড ভিত্তিক পরীক্ষা দিয়ে ৪র্থ বিষয় বাদ দিয়ে একত্রে মোট জিপিএ অন্তত ৮.০০ হতে হবে।

ইংরেজি মাধ্যমের ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য :

২০০৭ সন থেকে তৎপরবর্তী সন পর্যন্ত জি.সি.ই- "ও" লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১১ অথবা ২০১২ সনের "এ" - লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে, এবং উপরিউক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত "বি"-গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত "সি"-গ্রেড প্রাপ্ত হতে হবে।

■ ভর্তি পরীক্ষার নিয়ম, বিষয়, ধরণ, নম্বর ও সময় :

বিষয়	মোট প্রশ্ন	ধরণ	নম্বর	সময়
গণিত	৩০ টি	M.C.Q.	১২০ (প্রতিটি প্রশ্নের জন্য ০১ নম্বর)	১ ঘন্টা ৪৫ মিঃ
পদার্থ	৩০ টি			
রসায়ন	৩০ টি			
জীববিজ্ঞান/ইংরেজি/বাংলা	৩০ টি			

ভর্তি পরীক্ষায় প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয় এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হয়। প্রার্থী ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪৮।

অনুষদ, বিভাগ ও আসন সংখ্যা :

ফার্মেসী অনুষদ ফার্মেসী	মোট আসন
৬০	৬০

আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স অনুষদ ভূগোল ও পরিবেশ	মোট আসন
৫০	১০০

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ			মোট আসন
ফলিত পদার্থ, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিঃ	এপাইড কেমিস্ট্রি এন্ড কেমিকেল ইঞ্জিঃ	কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল ইঞ্জিঃ	১৯০
৭০	৬০	৬০	

বিজ্ঞান অনুষদ				মোট আসন
পদার্থ বিজ্ঞান	গণিত	রসায়ন	পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান	৪৮৮
১৪০	১৭০	৯০	৮৮	

জীববিজ্ঞান অনুষদ								মোট আসন
মৃত্তিকা, পানি ও পরিবেশ	উদ্ভিদবিজ্ঞান	প্রাণিবিদ্যা	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান	মনোবিজ্ঞান	অণুজীব বিজ্ঞান	মৎস্য বিজ্ঞান	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	৪৮২
১২০	৭৫	১০০	৬০	৪৫	৪০	৩০	১২	

ইনস্টিটিউট সমূহে বিভাগ ও আসন সংখ্যা :

পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট	তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	লেদার ইঞ্জিঃ এন্ড টেকনোলজি ইনস্টিটিউট			মোট আসন
ফলিত পরিসংখ্যান	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	তথ্য প্রযুক্তি	ফুট ওয়্যার	লেদার	লেদার প্রোডাক্ট	২৩৫
৫০	৩৫	৩০	৪০	৪০	৪০	

■ ভর্তি পরীক্ষার ফলাফল নির্ণয়ের পদ্ধতি :

মোট ২০০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাক্ষেত্রের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হয়। এজন্য মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত (৪র্থ বিষয় বাদ দিয়ে) জি.পি.এ.-র ৬ গুন; উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত (৪র্থ বিষয় বাদ দিয়ে) জি.পি.এ.-র ১০ গুন; এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মোট ২০০ নম্বরের উপর মেধাক্ষেত্র নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় বাধ্যতামূলক বিষয়, উক্ত বিষয়ে সর্বনিম্ন গ্রেড এবং ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বরের শর্ত প্রযোজ্য হয়।

■ সংরক্ষিত আসন : ওয়ার্ড, আদিবাসী, অন্ধ ও মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য প্রযোজ্য।

■ গত বছর ভর্তি পরীক্ষার সময়সূচী : ১৪ অক্টোবর, ২০১১ ইং।

■ ওয়েব সাইট : www.admission.univdhaka.edu